ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২৪৭ ● কলকাতা ● ২০ ভাদ্র, ১৪৩০ ● বৃহস্পতিবার ● ০৭ সেপ্টেম্বর, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা






'জাওয়ান' ট্রেলারে বহুরূপী শাহরুখ — পৃঃ ৫





মেসি ম্যানিয়া, সবচেয়ে ব্যয়বহুল ম্যাচের সাক্ষী হচ্ছে মেজর লিগ — পৃঃ ৬


## দল বদলানোর পরেই কি শুভেন্দুর অপরাধের সংখ্যা বাড়ছে'? প্রশ্ন কলকাতা হাই কোর্টের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দলবদলের পরেই কি রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অপরাধের সংখ্যা বেড়েছে? প্রশ্ন তুলল কলকাতা হাই কোর্ট। বুধবার রাজ্যের উদ্দেশে কলকাতা হাই কোর্টের বিচারপতি জয় সেনগুপ্তের প্রশ্ন, "শুভেন্দু যখন আপনাদের সঙ্গে ছিল তখন কি কোনও অপরাধ করেননি? দল বদলের পরেই অপরাধ বেড়ে গেল?"গত বছর বিচারপতি রাজাশেখর মান্থার একক বেঞ্চের তরফে আইনি রক্ষাকবচ পেয়েছিলেন শুভেন্দু। বিরোধী দলনেতার বিরুদ্ধে দায়ের হওয়া ২৬টি এফআইআরের উপর স্থগিতাদেশ দেয় আদালত। সেই সঙ্গে শুভেন্দুর বিরুদ্ধে নতুন করে কোনও এফআইআর করার আগে আদালতের কাছ থেকে আগাম অনুমতি নিতে হবে বলেও নির্দেশ দেয় বিচারপতি মান্থার একক বেঞ্চ। সেই নির্দেশ চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যায় রাজ্য। কিন্তু শীর্ষ আদালত আবার হাই কোর্টেই ফিরিয়ে দেয় ওই মামলা। তার মধ্যে নতুন করে একটি জনস্বার্থ মামলা করেন সুমন সিংহ নামে এক আইনজীবী। জুলাই মাসে মামলাটি শোনে কলকাতা হাই কোর্টের বিচারপতি ইন্দ্রপ্রসন্ন মুখোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চে। তার পর আদালত নির্দেশ দেয় বিরোধী দলনেতার


এরপর ৩ পাতায়


## দিল্লি যাচ্ছেন মুখ্যমন্ত্রী, যোগ দেবেন

## জি-২০ সম্মেলনের আগে রাষ্ট্রপতি আয়োজিত নৈশভোজে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দিল্লি যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । আগামী ৯ সেপ্টেম্বর রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ডাকা নৈশভোজে যোগ দেবেন তিনি। জি-২০ সম্মেলন উপলক্ষে আগামী ৯ সেপ্টেম্বর নৈশভোজের আয়োজন করেছেন রাষ্ট্রপতি।আগামী ৯ ও ১০ সেপ্টেম্বর নয়াদিল্লিতে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানদের নিয়ে বসতে চলেছে চাঁদের হাট।কড়া নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে রাজধানী। এই মহাসম্মেলনে যোগ দিতে আসা অতিথিদের তালিকা দীর্ঘ। ভারতের নেতৃত্বে অনুষ্ঠিত হতে চলা জি-২০ সম্মেলনে আলোচনা হবে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে। যার মধ্যে অর্থনৈতিক উন্নয়ন, আবহাওয়া পরিবর্তন, খাদ্য সুরক্ষা প্রভৃতি বিষয় অন্যতম।

তাঁদের সঙ্গেই আমন্ত্রিত এরাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ঘটনাচক্রে এই নৈশভোজের আমন্ত্রণপত্রেই 'ইন্ডিয়া'র জায়গায় 'ভারত' লেখা নিয়ে বিতর্ক হয়েছে। সেসব উপেক্ষা করে জাতীয় স্বার্থে ওই আমন্ত্রণ রক্ষা করার সিদ্ধান্ত নিয়েছেন মুখ্যমন্ত্রী।জানা গিয়েছে ৯ সেপ্টেম্বর বিকেলে দিল্লি যাবেন তিনি। রাতে নৈশভোজে যোগ দেবেন। পরদিন সকালেই কলকাতায় ফিরে আসবেন।

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আগেই জানিয়ে দিয়েছিলেন, কেন্দ্রের সঙ্গে বা বিজেপির সঙ্গে রাজনৈতিক টানাপোড়েন যাই থাক, জি-২০ শীর্ষ সম্মেলন যেহেতু দেশের সম্মানের ব্যাপার, তাই এতে কোনওরকম রাজনীতি তিনি চান না। সেইমতোই জি-২০ সম্মেলনে আয়োজনের ক্ষেত্রে কেন্দ্রের পাশে দাঁড়িয়েছে রাজ্য সরকার।

## আসানসোল থেকে দিল্লির আদালতে সরল

## গরু পাচার মামলা, ইডির আবেদনে সাড়া, চাপ বাড়ল কেষ্টর





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিআইয়ের দায়ের করা গরু পাচার মামলার শুনানি এ বার থেকে হবে দিল্লির রাউস অ্যাভিনিউ আদালতে। বুধবার এমনই নির্দেশ দিল আসানসোলের বিশেষ সিবিআই আদালত। ফলে তৃণমূল নেতা অনুব্রত মণ্ডল যে মামলায় গ্রেফতার, তার যাবতীয় শুনানি এ বার দিল্লিতে হবে। উল্লেখ্য, গরু পাচার মামলায় এখন তিহাড় জেলে বন্দি অনুব্রত এবং সহগল। একই মামলায় ইডির হাতে গ্রেফতার হয়েছেন অনুব্রতের মেয়ে সুকন্যা মণ্ডল। এ ছাড়া আগেই গ্রেফতার হন এনামুল হক এবং বিএসএফ কমান্ডান্ট সতীশ কুমার। গত ২৮ জুলাই আসানসোলে সিবিআইয়ের বিশেষ আদালতে ইডির তরফে ৪৪(১/সি) নম্বর ধারায় এই মামলা স্থানান্তরের জন্য আবেদন করে ইডি। দুই দফায় ঘণ্টা দেড়েক ধরে ইডির আবেদনের ভিত্তিতে এই মামলার শুনানি হয়। তৃতীয় বারের শুনানিতে ইডির আর্জি গ্রহণ করল আদালত।আগেই ইডির তরফে এই মামলা দিল্লিতে ট্রান্সফারের আবেদন করা হয়েছিল।বুধবার সেই মামলা শোনার পর বিচারক রাজেশ চক্রবর্তী মামলা দিল্লির


এরপর ৩ পাতায়





১-ম পাতার পর

# আসানসোল থেকে দিল্লির আদালতে সরল গরু পাচার মামলা, ইডির আবেদনে সাড়া, চাপ বাড়ল কেষ্টর

আদালতে স্থানান্তরের পক্ষেই রায় দিলেন। এর আগে দুবার সংশ্লিষ্ট মামলার শুনানি হয়েছে। কিন্তু বীরভূমের তৃণমূল জেলা সভাপতি অনুব্রত মণ্ডল এবং তাঁর প্রাক্তন দেহরক্ষী সহগল হোসেন সংক্রান্ত এই মামলায় প্রশ্নের মুখে পড়ে কেন্দ্রীয় সংস্থা। কেন এই মামলা আসানসোল থেকে দিল্লিতে সরিয়ে নিয়ে যেতে চান? আগের দুবার বিচারক রাজেশ চক্রবর্তীর এই প্রশ্নে ইডির আইনজীবী অভিজিত ভদ্র যে সওয়াল করেন, তাতে সন্তুষ্ট হয়নি আদালত। বিচারক জানতে চান, কোন আইনে এবং কে এই মামলা সরিয়ে নিয়ে যাওয়ার অধিকার সংশ্লিষ্ট কেন্দ্রীয় সংস্থাকে দিয়েছে। বুধবার ওই মামলার শুনানিতে ২০০৫ সালের জারি করা অর্থ মন্ত্রকের একটি বিজ্ঞপ্তি হাতিয়ার করে সওয়াল করে ইডি। ওই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আর্থিক দুর্নীতি মামলায় তদন্তে নেমে ৪৪/১সি ধারায় মামলা স্থানান্তরের আবেদন করতেই পারে ইডি। যদিও এই আবেদনের তীব্র বিরোধিতা করেন অনুব্রতর আইনজীবী সোমনাথ চট্টরাজ। তিনি আবেদন করেন, সিবিআইয়ের করা মামলা যত দিন না শেষ হচ্ছে, তত দিন যেন এই আবেদন স্থগিত রাখা হয়।

১-ম পাতার পর

# দল বদলানোর পরেই কি শুভেন্দুর অপরাধের সংখ্যা বাড়ছে'? প্রশ্ন কলকাতা হাই কোর্টের

বিরুদ্ধে এফআইআর করতে গেলে আদালতের অনুমতি নেওয়ার প্রয়োজন নেই। তবে এফআইআর করার ক্ষেত্রে আগে থেকে অভিযোগ খতিয়ে দেখতে হবে। শুধুমাত্র বিরোধী দলনেতাকে হেনস্থা করার উদ্দেশ্যে যেন এফআইআর না করা হয়, তা খেয়াল রাখতে হবে। নানা অভিযোগে বিধানসভার বিরোধী তাঁর বিরুদ্ধে ২৭টি এফআইআর হয়েছে। এ নিয়ে হাই কোর্টের দ্বারস্থ হন বিরোধী দলনেতা শুভেন্দু। তিনি আদালতের কাছে রক্ষাকবচের আর্জি জানান। বুধবার ওই মামলার শুনানিতেই বিরোধী দলনেতার বিরুদ্ধে একের পর এক মামলা নিয়ে প্রশ্ন তোলে হাই কোর্ট। যার উত্তরে রাজ্যের আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের যুক্তি, "হতে পারে তখন শুভেন্দু শৃঙ্খলাপরায়ণ ছিলেন। বিজেপিতে যাওয়ার পরে অন্যায় করছেন। তা ছাড়া কেউ এখন অপরাধ করেননি বলে পরেও করবেন না, এমন কোনও নিশ্চয়তা নেই।" পাল্টা রাজ্যের উদ্দেশে বিচারপতি সেনগুপ্তের বক্তব্য, "এটাও হতে পারে যে আপনারা তখন (শুভেন্দুকে) আড়াল করেছিলেন। না হলে তৃণমূলে থাকাকালীন মাত্র একটি এফআইআর আর তৃণমূল ছাড়ার দু'বছরের মাথায় ২৭টি অভিযোগে এফআইআর দায়ের হল! এটা তো আপনাদের বিপক্ষে যেতে পারে!"মামলার শুনানিতে আইনজীবী কল্যাণ সওয়াল করেন, "বিরোধী শিবিরে চলে গিয়েছেন মানে কোনও পদক্ষেপ নয়, এই যুক্তিও গ্রহণযোগ্য নয়।" তিনি প্রশ্ন তোলেন, "শুভেন্দু যদি বিধানসভার বিরোধী দলনেতা হিসাবে পাঁচটি জায়গায় গিয়ে পাঁচ বার গন্ডগোল করেন, তা হলে রাজ্য কি কোনও পদক্ষেপ করবে না?" তার পরে বিচারপতি সেনগুপ্তের পর্যবেক্ষণ, "কারও বিরুদ্ধে এত অল্প সময়ের মধ্যে এত অভিযোগ আনা হলে তাঁকে তো অপরাধী বলতে হবে।" এই মামলার পরবর্তী শুনানি রয়েছে আগামী ১৩ সেপ্টেম্বর।

# বন্টনকারী কোম্পানি এবং ব্যবহারকারীদের স্টোরেজ খরচ কমবে

**নয়াদিল্লি, ৬ সেপ্টেম্বর ২০২৩ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে আজ ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেম (বিইএসএস)-এর উন্নতিতে ভায়াবিলিটি গ্যাপ ফান্ডিং (ভিজিএফ) প্রকল্পে অনুমোদন দেওয়া হয়েছে। এই প্রকল্পে ২০৩০-৩১ সালের মধ্যে মোট ৪,০০০ মেগাওয়াট-ঘন্টা বিইএসএস রূপায়িত হবে। প্রকল্পের ৪০ শতাংশ আর্থিক সহায়তা আসবে মূলধনী ব্যয় হিসেবে। কেন্দ্রীয় সরকারের নেওয়া পরিবেশ উপযোগী এই পদক্ষেপ ব্যাটারির স্টোরেজ ব্যবস্থার খরচ কমানোর পাশাপাশি এর কার্যক্ষমতাও বাড়িয়ে দেবে। পুনর্নবীকরণযোগ্য শক্তি যেমন সৌর ও বায়ুশক্তি দেশের মানুষের কাছে কম খরচে পৌঁছে দেওয়ার লক্ষ্যে এই প্রকল্প তৈরি করা হয়েছে। ৩,৭৬০ কোটি টাকার বাজেট সহায়তা সহ এই প্রকল্পের প্রাথমিক বরাদ্দ ধরা হয়েছে ৯,৪০০ কোটি টাকা। এই প্রকল্পের লক্ষ্য হল, প্রতি কিলোওয়াট-ঘন্টায় ব্যাটারির স্টোরেজ খরচ ৫.৫০ টাকা থেকে ৬.৬০ টাকার মধ্যে রাখা, যাতে দেশে চূড়ান্ত বিদ্যুৎ চাহিদার সময়ে পুনর্নবীকরণযোগ্য শক্তিকে সঞ্চিত রাখা যায়। গ্রাহকদের কাছে এই প্রকল্পের সুবিধা পৌঁছে দিতে বিইএসএস প্রকল্পের ৮৫ শতাংশ বন্টনকারী কোম্পানিগুলিকে (ডিসকম) দেওয়া হবে। এর ফলে, গ্রিডে পুনর্নবীকরণযোগ্য শক্তির সরবরাহ যেমন বাড়বে, তেমনি চূড়ান্ত সময়ে বিদ্যুতের অপচয়ও কম হবে। টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে গোটা প্রকল্প রূপায়িত হবে। ভারত সরকার পরিবেশ-বান্ধব, দূষণমুক্ত শক্তির উন্নয়নে অঙ্গীকারবদ্ধ এবং সেই লক্ষ্যে বিইএসএস প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এর ফলে, পুনর্নবীকরণযোগ্য শক্তির অগ্রগতি ত্বরান্বিত হবে। পাশাপাশি, ব্যাটারি স্টোরেজ ব্যবস্থায় পরিবর্তন আসবে, যা দেশের সমস্ত নাগরিককে এক উজ্জ্বল ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যাবে।

# হাওড়া ময়দান-এসপ্লানেড মেট্রো কবে শুরু?

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** হাওড়া ময়দান থেকে ধর্মতলা মেট্রো পরিষেবা শুরু হতে চলেছে চলতি বছরের ডিসেম্বর মাসেই। মেট্রো রেল সূত্রের খবর, নভেম্বরে পরীক্ষামূলক ভাবে লাইনে মেট্রো চালানো হবে। ছাড়পত্র মিললেই চলতি বছরের ডিসেম্বর মাসেই শুরু হবে হাওড়া ময়দান থেকে ধর্মতলা মেট্রো পরিষেবা। জানা গিয়েছে, তরল নাইট্রোজেন প্রবেশ করানো হয় এবং গ্রাউন্ড ফ্রস্ট পদ্ধতিতে মাটির নীচের জল সম্পূর্ণ ফ্রিজ করে দেওয়া হয়। আর এই আধুনিক পদ্ধতির ফলে আগামিদিনে বিপদ এড়ানো সম্ভব হবে। নরওয়ের এক সংস্থা এই কাজ করবে বলে জানা গিয়েছে। তার জন্য বউ বাজারের ক্ষতিগ্রস্ত পরিবারের পুনর্বাসনে জন্য এখনও কিছুটা সময় লাগে। ২০২৫ সালের আগে



ওই এলাকার ঘরছাড়াদের ঘরে ফেলান যাবে না। মেট্রো সূত্রে খবর, এই নতুন মেট্রোর রুট হচ্ছে হাওড়া ময়দান, হাওড়া, বিবাদী বাগ এবং এসপ্ল্যানেড স্টেশন। যাত্রীদের যাতে কোনও অসুবিধায় পড়তে না হয় তার জন্য সব ব্যবস্থা করা হচ্ছে। অত্যাধুনিক ব্যবস্থা থাকছে এই পথে।১২ মিনিটের ব্যবধানে মেট্রো চলবে। আগামি বছর হাওড়া ময়দান থেকে সেক্টর ফাইভ পূর্ণাঙ্গ রুটের মেট্রো পরিষেবা শুরু হবে চলে জানিয়েছে কর্তৃপক্ষ। এছাড়াও বউবাজারে গ্রাউন্ড ফ্রিজিং টেকনোলজির ব্যবহার করা ,হবে জানানো হয়েছে মেট্রোর তরফে। ভারতে এই প্রথবার মেট্রোর কাজে এই টেকনোলজির ব্যবহার করা হচ্ছে।কেএমআরসিএলের সূত্রের খবর, হাওড়া ময়দান থেকে সেক্টর ফাইভ পর্যন্ত মেট্রো পরিষেবা ২০২৪ সালে জুন থেকেই শুরু হবে। পুজোর পরই কাজ শুরু আর পরিকল্পনা রয়েছে। প্রায় ৬-৭ মাস সময় লাগবে সমগ্র প্রক্রিয়া শেষ করতে। সুবোধ মল্লিক স্কোয়ারে আর অংশে কাজ চলবে। এই প্রকল্পের জন্য রাজ্যের কাছে অর্থ চেয়েছে কেন্দ্র। প্রকল্পের কাজের জন্য ৫০ শতাংশ টাকা রাজ্যকে দিতে হবে। তবে রাজ্যের তরফে এখনও কোনও জবাব পাওয়া জায়নি বলে সূত্রের খবর। বউবাজার এলাকায় মেট্রোর কাজ করতে গিয়ে বেশ কয়েকবার বাড়িতে ফাটল দেখা দিয়েছে। মেট্রোর সুরঙ্গে পথ তৈরি করতে গিয়ে মাটি ধসে যাওয়া সহ নানা সমস্যা দেখা দিয়েছিল। তাই শিয়ালদা থেকে এসপ্ল্যানেড পর্যন্ত মেট্রো এখনই ছোটানো যাচ্ছে না। রাতারাতি বিপদ মাথায় নিয়ে ঘরছাড়া হতে হয়েছিল একাধিক পরিবারকে। এই অংশে গ্রাউন্ড ফ্রিজিং টেকনোলজির ব্যবহার করা হবে।

# হিমাচলপ্রদেশ এবং উত্তরাখণ্ডের জন্য ২০১৭ সালের শিল্প উন্নয়ন প্রকল্পে অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রস্তাবে কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদন

**নয়াদিল্লি, ৬ সেপ্টেম্বর, ২০২৩ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে হিমাচলপ্রদেশ এবং উত্তরাখণ্ডের জন্য ২০১৭ সালের শিল্প উন্নয়ন প্রকল্পে অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রস্তাবটি অনুমোদিত হয়েছে। কেন্দ্রীয় সরকার হিমাচলপ্রদেশ এবং উত্তরাখণ্ডের জন্য ২০১৮ সালের ২৩ এপ্রিল এই প্রকল্পটির ঘোষণা করে। প্রকল্প বাস্তবায়নের জন্য ১৩১ কোটি ৯০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়। ২০২১-২২ অর্থবর্ষে প্রকল্পের সম্পূর্ণ অর্থ ব্যয় হয়। তবে প্রকল্প বাস্তবায়নের জন্য ২০২৮-২৯ অর্থবর্ষ পর্যন্ত আরও ১১৬৪ কোটি ৫৩ লক্ষ টাকার প্রয়োজন দেখা দেয়। কেন্দ্রীয় মন্ত্রিসভা আজকের বৈঠকে শিল্প ও বাণিজ্য মন্ত্রকের অতিরিক্ত ব্যয় বরাদ্দের প্রস্তাবটি অনুমোদিত হয়েছে। এরফলে প্রকল্পের সঙ্গে যুক্ত সকলে উপকৃত হবেন। হিমাচলপ্রদেশ এবং উত্তরাখণ্ডে কেন্দ্রীয় মূলধন বিনিয়োগ উৎসাহ প্রকল্পের আওতায় কারখানা এবং বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের ক্ষেত্রে ৩০ শতাংশ মূলধন বাবদ আর্থিক সহায়তা পাওয়া যাবে। তবে এই সুযোগ দেওয়া হবে সেইসব সংস্থাগুলিকে, যারা সর্বোচ্চ ৫ কোটি টাকা পর্যন্ত বিনিয়োগ করবে। সংশ্লিষ্ট রাজ্যগুলিতে নতুন যেসব শিল্প সংস্থা গড়ে তোলা হবে এবং যেসব শিল্প সংস্থা তাদের কারখানা সম্প্রসারণ করবে, সেইসব সংস্থার কারখানা এবং যন্ত্রপাতির বীমা বাবদ প্রিমিয়ামের পুরো টাকা দেওয়া হবে। এক্ষেত্রে ওই কারখানাটি যেদিন বাণিজ্যিক উৎপাদন শুরু করবে সেই দিন থেকে সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত এই সুবিধা দেওয়া হবে। আশা করা হচ্ছে এই প্রকল্পের মাধ্যমে ৭৭৪টি নিবন্ধীকৃত সংস্থায় ৪৮৬০৭টি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

# ২০২৪ সালের পদ্ম সম্মানের জন্য মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ১৫ সেপ্টেম্বর

**নয়াদিল্লি, ৬ সেপ্টেম্বর, ২০২৩ : নিউজ সারাদিন :** ২০২৪ সালের সাধারণতন্ত্র দিবসে পদ্ম পুরস্কার প্রাপকদের নির্বাচিত করার জন্য অনলাইনে মনোনয়ন গ্রহণ বিগত পয়লা মে থেকে শুরু হয়েছে। আগামী ১৫ সেপ্টেম্বর পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে। রাষ্ট্রীয় পুরস্কার পোর্টাল https://awards.gov.in/ -এ পদ্ম সম্মানের জন্য নাম সুপারিশ করা যাবে। দেশের অসামরিক পুরস্কারের মধ্যে পদ্ম বিভূষণ, পদ্মভূষণ এবং পদ্মশ্রী সর্বোচ্চ সম্মান। পদ্ম সম্মানে যাঁদের ভূষিত করা হয়, ১৯৫৪ সাল থেকে প্রতি বছর সাধারণতন্ত্র দিবসে সেই নামগুলি ঘোষিত হয়। অনন্য কাজের স্বীকৃতি স্বরূপ এই সম্মান প্রদান করা হয়। শিল্পকলা, সাহিত্য, শিক্ষা, ক্রীড়া, ওষুধ, সামাজিক কাজ, বিজ্ঞান ও প্রযুক্তি, জনসেবা সহ প্রতিটি ক্ষেত্রে ব্যতিক্রমী কাজের জন্য পদ্মসম্মান দেওয়া হয়। যেসব কর্মীরা রাষ্ট্রায়ত্ব সংস্থায় কাজ করেন তাঁরা বাদে বাকিরা এই সম্মান পাওয়ার যোগ্য। রাষ্ট্রায়ত্ব সংস্থার ডাক্তার এবং বিজ্ঞানীদের অবশ্য পদ্মসম্মানে ভূষিত করা যেতে পারে। কেন্দ্রীয় সরকার পদ্মসম্মানকে জন সম্মানে পরিণত করতে অঙ্গীকারবদ্ধ। নাগরিকদের রাষ্ট্রীয় পুরস্কার পোর্টালে নাম সুপারিশ করতে বলা হয়েছে। মহিলা, সমাজের দুর্বলতর শ্রেণীর নাগরিক, তপশীলি জাতি ও উপজাতি গোষ্ঠীভুক্ত, ভিন্নভাবে সক্ষম সহ যাঁরা সমাজের জন্য নিরলসভাবে কাজ করে চলেছেন তাঁদের স্বীকৃতি দিতেই এই সম্মান প্রদান করা হবে। রাষ্ট্রীয় পুরস্কার পোর্টালে এই পুরস্কারগুলির জন্য মনোনয়নপত্র জমা দেওয়া যাবে। মনোনয়ন জমা দেওয়ার সময় ৮০০ শব্দের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির বিষয়ে বিস্তারিতভাবে জানাতে হবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের ওয়েবসাইট যঃঃঢ়ং://সযধ.মড়া.রহ/ -এ 'অ্যাওয়ার্ডস অ্যান্ড মেডেলস' শাখায় এ বিষয়ে বিস্তারিত তথ্য জানা যাবে। এছাড়াও যঃঃঢ়ং://ঢ়ধফসধধিৎফং.মড়া.রহ/ -পোর্টালেও এ বিষয়ে বিস্তারিত তথ্য দেওয়া আছে। এ সংক্রান্ত যাবতীয় প্রশ্নের উত্তর https://padmaawards.gov.in/AboutAwards.aspx-পোর্টালে পাওয়া যাবে।

# নেপালের প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট ঝা বলেছেন ভারত ও নেপালের সম্পর্ক বহু শতাব্দী ধরে মধুর ছিল, কিন্তু গত দুই দশকে তা তিক্ত হয়ে উঠেছে




**সমরেন্দ্র পাঠক ডঃ সিনিয়র সাংবাদিক। নয়াদিল্লি, ৬ সেপ্টেম্বর ২০২৩ (এজেন্সি) : নিউজ সারাদিন :** নেপালের প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট, পরমানন্দ ঝা বলেছেন যে ভারত ও নেপালের মধ্যে সম্পর্ক কয়েক শতাব্দী ধরে সৌহার্দ্যপূর্ণ, কিন্তু গত ১৫-২০ বছরে তা কিছুটা খারাপ হয়েছে। বিচারপতি (অবসরপ্রাপ্ত) মিঃ ঝা গতকাল এখানে এক অনুষ্ঠানে বলেছিলেন যে নেপাল তিন দিকে ভারত এবং একদিকে চীন দ্বারা বেষ্টিত। ভারতের সাথে নেপালের শতাব্দী প্রাচীন সম্পর্ক রয়েছে। উভয় দেশেই কন্যা ও রুটির সম্পর্ক রয়েছে। সেখানে মানুষ উভয় স্থানেই হোঁচট লেগে যেতে পারে, তবে এখন একটু পরিবর্তন আসতে শুরু করেছে।অবৈধ বাণিজ্য, চোরাচালান, অনুপ্রবেশ ইত্যাদি কারণ থাকতে পারে বলে মন্তব্য করেন দুই দেশই। নেপালের প্রাক্তন উপ-রাষ্ট্রপতি বলেন, এখানে শিক্ষক দিবস পালিত হয় না, তবে ভারতে প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ রাধা কৃষ্ণনের জন্মবার্ষিকী এখানে শিক্ষক দিবস হিসেবে পালিত হয়।তিনি বলেন, সমাজে শিক্ষকদের স্থান সবচেয়ে ভালো। তারা সমাজ গঠনের কাজ করে।আজ একজন মানুষ যত বড় পদে আসুক না কেন, তা শিক্ষকদেরই দান। ভারতে আলাদা মিথিলা রাজ্যের দাবি নিয়ে সাংবাদিকদের প্রশ্ন করা হলে নেপালের প্রাক্তন ভাইস প্রেসিডেন্ট ঝা বলেন, এখানে ভাষাগত ভিত্তিতে রাজ্য গঠন করা হয়েছে।তেলেঙ্গানা, অন্ধ্রপ্রদেশ রাজ্য গঠিত হয়েছে।আপনারা সরকারের কাছে দাবি করতে পারেন। জনগণের অধিকার। সরকার চাইলে তা মেনে নিতে পারে।

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২৪৭ সংখ্যা ০৭ সেপ্টেম্বর, ২০২৩ বৃহস্পতিবার ২০ ভাদ্র, ১৪৩০

## সম্পাদকীয়

# কেমন হবে নিরাপত্তা পরিষদ? সংস্কার চেয়ে রাষ্ট্রসংঘে দরবার ভারতের

সময় পালটেছে। বদলেছে বিশ্বমানচিত্র। ভলগা থেকে ব্রহ্মপুত্রে বয়ে গিয়েছে কত জল। কিন্তু আজও সেই প্রাচীন ধারণা আঁকড়ে রয়েছে রাষ্টসংঘ। আজও নিরাপত্তা পরিষদের সংস্কার হয়নি। দুশো বছরের পরাধীনতার শিকল ছিঁড়ে মহাশক্তি হিসেবে আত্মপ্রকাশ করলেও ঠাঁই হয়নি ভারতের।প্রসঙ্গত, দীর্ঘদিন ধরেই পাঁচ সদস্যের নিরাপত্তা পরিষদে স্থায়ী সদস্য পদ পেতে চেষ্টা চালিয়ে যাচ্ছে ভারত। ইতিমধ্যে আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স ও রাশিয়া নয়াদিল্লির দাবিকে সমর্থন জানিয়েছে। কিন্তু বাদ সেধেছে চিন।এই প্রেক্ষাপটেই রাষ্ট্রসংঘের মঞ্চে 'নতুন' নিরাপত্তা পরিষদের ছবি আঁকলেন ভারতের স্থায়ী প্রতিনিধি রুচিরা কম্বোজ।

মঙ্গলবার রাষ্ট্রসংঘে কম্বোজ বলেন, 'আজ আমরা এমন একটা নিরাপত্তা পরিষদ চাই যেখানে ভৌগলিক ও উন্নয়ন বৈচিত্র থাকবে। নিরাপত্তা পরিষদ এমন হোক যেখানে আফ্রিকা, লাতিন আমেরিকা ও এশিয়ার উন্নয়নশীল দেশগুলির আওয়াজও শোনা যাবে। এই টেবিলে জায়গা (নিরাপত্তা পরিষদে স্থায়ী সদস্য পদ) ভারতের প্রাপ্য।' এদিন, নিরাপত্তা পরিষদে মুক্ত আলোচনা সভায় চিনকে একহাত নিয়ে তিনি আরও বলেন, 'বিনাযুক্তিতে যখন আন্তর্জাতিক মঞ্চে ঘোষিত সন্ত্রাসবাদীদের তালিকাভুক্ত করার প্রক্রিয়ায় বাধা দেওয়া হয় তখন পরিষদের সন্ত্রাসবিরোধী লড়াই নিয়ে দ্বিচারিতা প্রকাশ হয়ে পড়ে।'

তাতপর্যপূর্ণ ভাবে, গত মে মাসে জইশ-ই-মহম্মদের জঙ্গি আবদুল রাউফ আজহারকে আন্তর্জাতিক সন্ত্রাসবাদী হিসাবে ঘোষণা করতে চেয়ে রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে প্রস্তাব দিয়েছিল ভারত। তাতে বাধা দেয় চিন। গত বছরের জুনে লস্কর প্রধান হাফিজ সইদের শ্যালক মক্কিকে নিষিদ্ধ করতে চেয়েছিল ভারত। কিন্তু চিনের বিরোধিতায় ভারতের সেই চেষ্টা ব্যর্থ হয়ে যায়। পরে লস্কর জঙ্গি শাহিদ মাহমুদের ক্ষেত্রেও একই ভাবে বাধা হয়ে দাঁড়িয়েছিল বেজিং। লাগাতার এই ধরনের ঘটনা থেকে পরিষ্কার, পাকিস্তানি জঙ্গিদের আড়াল করতে সবসময় সক্রিয় ভূমিকা নিয়েছে চিন।

উল্লেখ্য, আধুনিক দুনিয়ায় সময়ের দাবি মেনে পরিষদে সংস্কারের পক্ষে বারবার সওয়াল করে এসেছে নয়াদিল্লি। ভারতের এই দাবিকে সমর্থন জানিয়েছিলেন রাষ্ট্রসংঘের সাধারণ সভার সভাপতি সাবা করোসি। সংবাদ সংস্থা এএনআইকে দেওয়া সাক্ষাতকারে সাবা করোসি বলেছিলেন, 'নিরাপত্তা পরিষদের সদস্যরা মনে করে, পরিষদে আরও ভাল প্রতিনিধির প্রয়োজন রয়েছে। এমন দেশের প্রয়োজন রয়েছে যারা শান্তিস্থাপন ও মানুষের উন্নতির বৃহত্তর দায়িত্ব বহনে সক্ষম। ভারতও এমন একটি দেশ। সার্বিকভাবে বিশ্বের উন্নয়নের জন্য অবদান রাখতে পারে বলেই বিশ্বাস ভারতের।'

# ইন্ডিয়া-ভারত বিতর্কে নরেন্দ্র মোদিকে চিঠি লিখতে চলেছেন সনিয়া গান্ধি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মূল্যবৃদ্ধি, বেকারত্ব, চিনা আগ্রাসন, মনিপুর ইস্যু-সহ বাদল অধিবেশনে উত্থাপিত ইস্যুগুলি নিয়েই সংসদের বিশেষ অধিবেশনে আলোচনা চায় কংগ্রেস। কংগ্রেসের সংসদীয় দলের বৈঠকে ইস্যু নিয়ে আলোচনা। এই বিষয় নিয়েই বিজেপিকে তুমুল আক্রমণ করেছেন কংগ্রেসের সাধারণ সম্পাদক জয়রাম রমেশ। X-এ (পূর্বনাম টুইটার) কটাক্ষ করে রমেশ লিখেছেন," তাহলে যা শুনেছিলাম সেটাই সত্যি। রাষ্ট্রপতি ভবন থেকে পাঠানো ৯ সেপ্টেম্বর G-20-এর নৈশভোজে 'প্রেসিডেন্ট অফ ইন্ডিয়ার' জায়গায় 'প্রেসিডেন্ট অফ ভারত' লেখা হয়েছে।" বিজেপিকে আক্রমণ করে কংগ্রেসের সাধারণ সম্পাদকের আরও প্রশ্ন, "তাহলে এবার সংবিধান আর্টিকেল ১ এ লেখা হবে ভারত, যা আগে ছিল ইন্ডিয়া"। অভিযোগ, সংসদের বুলেটিনে কি নিয়ে আলোচনা হবে তা এখনও স্পষ্ট করেনি সরকার। কোন কোন ইস্যু তোলা হবে তা চূড়ান্ত হবে ইন্ডিয়া জোটের সংসদীয় দলের নেতাদের বৈঠকে।সূত্রের খবর, আজ রাত ৮ টা থেকে সাড়ে ৯ টা পর্যন্ত ইন্ডিয়া জোটের বৈঠক হয়। তবে এই বৈঠকে দেশের নাম বদল নিয়ে কোনও আলোচনা হয়নি বলে সূত্র মারফত জানা গিয়েছে। ইন্ডিয়া জোটের তরফে ৫ দিনের বিশেষ অধিবেশনে জাতীয় ইস্যু গুলিকে বেশি গুরুত্ব দেওয়া হবে।

তারমধ্যে রয়েছে যুক্তরাষ্ট্রীয় কাঠামো লঙ্ঘন করার অভিযোগ। এরমধ্যেই রাজ্যের ইস্যুগুলো তুলে ধরা হবে। এর মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠি দিতে চলেছেন কংগ্রেসের সংসদীয় কমিটির চেয়ারপার্সন সনিয়া গান্ধি। সেখানে বিষয়টির উল্লেখ থাকবে বলে জানা গিয়েছে। তৃণমূলের রাজ্যসভার নেতা ডেরেক ও ব্রায়েন বলেন, "কেন বিশেষ অধিবেশনের অ্যাজেন্ডা জানানো হয়নি, কেন অ্যাজেন্ডা গোপন রাখা হয়েছে? এটা সংসদীয় গণতন্ত্রের পরিপন্থী।" ইন্ডিয়া জোটের আশঙ্কা, ৫ দিনের বিশেষ অধিবেশনেও হট্টগোল করার চেষ্টা করবে বিজেপি।২০ অধিবেশনের রাষ্ট্রপতি ভবনের পক্ষ থেকে পাঠানো আমন্ত্রণ পত্রে ইন্ডিয়ার' জায়গায় ভারত লেখা নিয়ে কটাক্ষ করেছেন বিরোধীরা। 'ইউনিয়ন অফ স্টেটস' অফ সাংবিধানিক যুক্তরাজ্যকে আঘাত করা হয়েছে। কংগ্রেসের দাবি, ওই আমন্ত্রণ পত্রে 'প্রেসিডেন্ট অফ ইন্ডিয়ার' জায়গায়, 'প্রেসিডেন্ট অফ ভারত' লেখা হয়েছে। প্রসঙ্গত, গত বছরই গুজরাতের এমপি বিজেপি নেতা মিতেশ প্যাটেল লোকসভাতেও ইন্ডিয়ার নাম বদলে "ভারত" বা "ভারতবর্ষ" করার প্রস্তাব তুলেছিলেন। বিজেপি নেতার দাবি, "ইন্ডিয়া নামটি ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির দেওয়া। এটি আমাদের দেশের সেই দাসত্বের সময়কালকে মনে করায়।"

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব




-: মৃত্যুঞ্জয় সরদার :-

তিনি জানতে চান, শিবের প্রপিতামহ কে ছিলেন? এই প্রশ্নের উত্তর শুনে চমকে যান ওই সাধু। শিব জানায়, সে নিজেই নিজের প্রপিতামহ। কেন বলেছিলেন জানেন, সে কথায় অনুসন্ধানে যা বেরিয়ে এলে সেটি আপনাদের সামনে পরিবেশন করছে!

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# হিন্দু ধর্মের উৎপত্তি ও ক্রমবিকাশ



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠ পর্ব)

আপনারা গর্ধরোধ করতে পারেন। হিন্দুদের সম্পর্কে এই হচ্ছে মার্কিনী জনগণের মনোভাব।

মধ্যপ্রাচ্যে কোনকালে শান্তি ছিল না, আজও নেই। এর কারণ অনুসন্ধান করতে এগিয়ে এলেন লেবাননের প্রথম প্রেসিডেন্ট কেমাল জামব্লাট। ক্রমাগত জলের উৎস অনুসন্ধানকারী যেমন একদিন সাগরে গিয়ে পৌঁছবে, তেমনি ধর্মীয় সত্যের অন্বেষণকারীদের পৌঁছতেই হয় হিন্দুধর্মে। কেমাল জামব্লাট ভারতে এলেন, বেলুড় ঘুরে গেলেন। নতুন প্রেরণা নিয়ে গেলেন, লেবাননে শান্তি ফেরানোর জন্য। তার ঘরে থাকতো ঠাকুর রামকৃষ্ণের ছবি। অশান্ত ধর্মের লোকেরা তাকে নির্মম ভাবে হত্যা করল। লেবানন আজও অগ্নিময় - মৃত্যু, হত্যা নিত্যদিনের সঙ্গী।

১৯৮৭ সালে রাশিয়ার অর্থোডক্স চার্চের আয়োজনে একটি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। ৮১ টি দেশের প্রতিনিধি এই সম্মেলনে উপস্থিত ছিলেন। ভারতের প্রতিনিধি ছিলেন রামকৃষ্ণ মিশনের স্বামী হিরন্ময়ানন্দ মহারাজ। এই সম্মেলনে রুশ নেতারা স্বীকার করেন বিশ্ব জুড়ে ভয়াবহ পরমাণু যুদ্ধের পটভূমিতে রামকৃষ্ণ-বিবেকানন্দের বাণী বিশ্বকে শান্তির পথে নিয়ে যাচ্ছে। তারা আবেদন জানান রাশিয়ায় হিন্দুধর্ম প্রচারের জন্য পাঁচ হাজার সন্ন্যাসী চাই।

মিশনের বহু সন্ন্যাসী রাশিয়া যাবার আগে রুশ ভাষা শিখে নিচ্ছেন। রুশ সরকার পাঁচ একর জমি দিয়েছেন। সেখানে বেদান্ত অডিটোরিয়াম খালো হচ্ছে। রামকৃষ্ণ মিশনের কিছু মানুষ সব ধর্ম সমান বলে একধরণের গালেমাল পাকিয়ে তালেন। পৃথিবীর মানুষ বুজরুকি চায় না, ভেজাল চায় না-সত্য চায়। তাই ১৯৮৮ সালে রাশিয়ার শিক্ষামন্ত্রী কলকাতা এসে সাজো চলে গেলেন ভারত সেবাশ্রম সংঘের কা্যালয়ে। দীর্ঘ আলাচেনা করে বহু গ্রন্থ নিয়ে গেলেন, সন্ন্যাসীর আবেদন জানিয়ে গেলেন। ১৯৮৯ সালে রাশিয়ায় গেলেন এক সন্ন্যাসী, নাম পরমানন্দ ভারতী।

তার একটি অনুষ্ঠান হলাে ক্রেমলিন প্রাসাদে। লেনিন মূর্তির নীচে। প্রেসিডেন্ট, মন্ত্রীসভার প্রত্যেকটি সদস্য এবং আরও দুহাজার রুশ ডিগনিটারিজ সেখানে উপস্থিত ছিলেন বিজ্ঞানী, ধর্মযাজক, গণিতজ্ঞ, সাহিত্যিক, শিক্ষাবিদ, কবি, সমরবিশেষজ্ঞ। তাদের সকলকে ওঁ মন্ত্র উচ্চারণ এবং বৈদিক স্তোত্র পাঠ করিয়ে পরমানন্দ ভারতী অনুষ্ঠান শুরু করলেন। বাহুবলে, অর্থবলে প্রচারিত ধর্মের নামে অধর্মগুলি আজ ম্রিয়মান। দেশে দেশে জয়যাত্রা শধু হিন্দুধর্মের। এটা একটা আকস্মিক হুজুগ নয়, অনেকদিনের অনেক ত্যাগ ও সাধনার পরিণতি। হিন্দুধর্ম তার ত্যাগ তিতিক্ষা পবিত্রতা তপঃশক্তির জোরে একদিন সারা পৃথিবীকে প্রভাবিত করেছিল।

এর প্রবক্তারা ভেবেছিলেন আমাদের বিচার অর্থাৎ দর্শন চরম সত্যে প্রতিষ্ঠিত, আর আমরা আচারনিষ্ঠ।আমাদের দেখে বাকী মানুষ শিখে নেবে, তাই আমাদের ধর্মের প্রচার নিষ্প্রয়াজেন। এজন্যই প্রচারে হিন্দুধর্ম কোনদিন বিশেষ গুরত্ব দেয়নি। তখন পৃথিবীতে আক্রমণাত্মক প্রচারধর্মী কোন মতবাদও মাথাচাড়া দেয়নি, ফলে অসুবিধা ছিল না। পরবর্তীকালে যেগুলাে ধর্ম নয় -নিম্নমানের ব্যক্তিদের মাথা থেকে বের হওয়া মতবাদগুলো নিজেদের ধর্ম বলে জগৎজুড়ে দাপাদাপি শুরু করে দিল। কপটদের প্রচন্ড দাপটে সত্যধর্ম কোণঠাসা হয়ে গেল।

একালে প্রথম বিদেশে যিনি প্রচারের জানালা খুলে দিলেন, তিনি বিবেকানন্দ। মৃতপ্রায় হিন্দুধর্মে তিনি প্রাণসঞ্চার করলেন। বিদেশে পরবর্তীকালে অসংখ্য মানুষ হিন্দুধর্মের বৃক্ষে জলসিঞ্চন করেছেন। তারমধ্যে উল্লেখ করার মত ব্রহ্মবান্ধব উপাধ্যায়, ডঃ মহানামব্রত ব্রহ্মচারী, মহেশ যাগেী প্রভৃতি। আর এখন অপ্রকট হয়েও যিনি সর্বাধিক প্রকট সেই ইস্কন প্রতিষ্ঠাতা এ. সি. ভক্তিবেদান্ততীর্থ মহারাজ। তারঃকথা কিছু জানার প্রয়াজেন আছে।কলকাতার এক ব্যবসায়ীর সন্তান অভয়চরণ দে। বাবা গৌরমাহেন দের ইচ্ছা ছিল অভয় বড় হয়ে একজন ভালো কীর্তনীয়া হাকে।

তাই তিনি ছেলেকে নিষ্ঠা সহকারে মৃদঙ্গ বাজানাে শেখাতেন। স্কটিশ চার্চ কলেজে পড়ার সময় অভয়ের সহপাঠী। ছিলেন সুভাষচন্দ্র। ১৯৩৩ সালে এলাহাবাদে ভক্তিসিদ্ধান্ত সরস্বতীর কাছে দীক্ষা নিয়ে অভয়চরণ ভাগবত ও গীতার টাকা ভাষ্য রচনায় মনা

যাগে দিলেন। ধর্মে গভীরতা এবং জীবনীশক্তি থাকলে একটি মানুষ কি অবাক করা কর্মকান্ড ছড়িয়ে দিতে পারেন সারা বিশ্বে তার জ্বলন্ত উদাহরণ-অভয়চরণ। ১৯৪৪ সালে তিনি নিজের চেষ্টায় ওব্যাক টু গড হেড়" নামে একটি পত্রিকা প্রকাশ করেন। তখন পর্যন্ত তিনি এলাহাবাদে।

ওখানে তার একটি ওষুধের দোকান ছিল। দে এন্ড সন্স। ব্যাক টু গড হেড়' পত্রিকার পান্ডুলিপি টাইপ রা, প্রুফ দেখা, সম্পাদনা এবং বিতরণ, সব তিনি একা করতেন। পত্রিকা পাঠাতেন ভারতের তাবৎ বিদ্বজ্জনের কাছে এবং বিদেশের পন্ডিতদের কাছেও। তার পান্ডিত্য বহু বিদ্বানকে মুগ্ধ করে।

১৯৪৭ সালে গৌড়ীয় বৈষ্ণব সমাজ তাকে "ভক্তিবেদান্ত" উপাধি প্রদান করেন। ১৯৫২ সালে তিনি এলাহাবাদ থেকে ঝাসীতে বেদান্ত সংস্কৃত কলেজে বৈষ্ণব ধর্মের উপর বক্তৃতা করতে গেলেন। তার বক্তব্যে আকৃষ্ট হয়ে কলেজের অধ্যক্ষ ডঃ প্রভাকর মিশ্র তার শিষ্যত্ব গ্রহণ করেন। ডঃ মিশ্রের আগ্রহে তিনি ঝাসীতে একটি ভক্ত সংঘ গড়ে তালেন। এই সংঘই পরিবর্তীকালে ইস্কন হয়। ১৯৫৪ সালে তিনি সংসার ত্যাগ করে বাণপ্রস্থ গ্রহণ করেন। বৃন্দাবনে তার স্থিতি হয়। এই সময় তিনি গভীরভাবে হিন্দু ধর্মশাস্ত্রসমূহ অধ্যয়ন করেন।

১৯৫৯ সালে তিনি সন্ন্যাস প্রাপ্ত হন এবং বৃন্দাবনে "রাধা দামাদের" মন্দিরে বাস করতে থাকেন। তখন তার বয়স ৬৩ বছর। ১৯৬৫ সালে ৬৯ বছরের এই বৈষ্ণবধর্মপ্রচারের উদ্দেশ্যে চলে গেলেন আমেরিকা। সিন্ধিয়া ষ্টীম নেভিগেশনের সেক্রেটারী সুমতি মারোরজীর আনুকূল্যে জলদূত নামে মালবাহী জাহাজে পেলেন একটি বিনামূল্যের টিকিট। আর সঙ্গে ছিল মাত্র আট ডলার, যার তখন ভারতীয় মূল্য চল্লিশটা। মথুরার একব্যক্তির ছেলে থাকত নিউইয়র্কে। সে তার পিতার অনুরাধে একটি স্পনসর পাঠিয়েছিল। ফলে অভয়চরণ আমেরিকা পৌছে নিউইয়র্কে এই যুবকের বাড়ীতেই থাকতেন। অন্য দিকে হিজরেদের দেবী। ইনি নাকি মানুষ ছিলেন, মরে দেবী হয়েছেন।ভুত যে হন নি এই যথেষ্ট। এঁর পূজা না করলে নাকি ইনি হিজড়ে বানিয়ে দেন। সত্য মিথ্যা জানি না। বেদে এইরকম দেবীর উল্লেখ কোথাও পাই না।এঁর মন্দিরে অসংখ্য পশুবলি হয়।

শাকম্ভরী দেবীর পূজা পুন্দির রাজপুতেরা শুরু করেছিল। এঁর দুটি মন্দির আছে : উত্তর প্রদেশে একটি আর রাজস্থানের জয়পুরে একটি। বলা বাহুল্য ইনিও কাল্পনিক। এই হিন্দু পর্বেই ভারতের বহু কাল্পনিক দেবদেবীর জন্ম যারা আজও পূজা পেয়ে থাকেন।

এইসব কাল্পনিক দেবদেবীদের উপস্থিতি বুঝিয়ে দিচ্ছে যে হিন্দু ধর্মে কুসংস্কারের মূলটা কতটা গভীর।আর বৌদ্ধদের সময় হিন্দু ধর্ম সত্যি সত্যই শেষ হয়ে গেছিল।

এছাড়া ম্লেচ্ছ রাজারাও হিন্দু ও বৌদ্ধ মন্দির ধ্বংস করেছিল। কলহনের রাজতরঙ্গিনীতে আমরা হর্ষরাজা বলে এক ম্লেচ্ছ রাজার নাম পাই যিনি কাশ্মীরের হিন্দু ও বৌদ্ধ মন্দিরগুলি লুটপাট ও ধ্বংস করেছিলেন। এনার মত ম্লেচ্ছ রাজারাও হিন্দু ধর্মের প্রভূত ক্ষতি সাধন করেন। ইনি দেবতপাটন নায়ক নামের এক রাজকর্মচারীর সৃষ্টি করেছিলেন। নামেই বোঝা যায় তাঁদের কাজ কি ছিল।

বর্তমানে নেপালে এক প্রসিদ্ধ দেবী আছেন। নাম গাধিমাই। এনার কথা না বললে অন্যায় হয়। প্রতি ৫ বছর অন্তর এনার মন্দিরে অসংখ্য নিরীহ পশু বলি হয়। আজকের সুসভ্য দেশের পক্ষে এটা

ক্রমশঃ


(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

cinema TV

## তামান্নাকে নিয়ে ইঙ্গিতপূর্ণ প্রশ্ন, খেপে গেলেন বিজয়





**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** 'লাস্ট স্টোরিজ ২'-এর সময় থেকেই একে অপরকে মন দিয়েছেন তামান্না ভাটিয়া ও বিজয় ভার্মা। লুকোচুরি নয়, বরং প্রেম নিয়ে খোলামেলা তারা। পর্দায় তো বটেই, বিমানবন্দর থেকে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের লাল গালিচায় তাদের একসঙ্গে দেখা গেছে একাধিক জায়গায়। সদ্য মালদ্বীপ থেকে ছুটি কাটিয়ে ফিরেছেন তারা। সেখান থেকে ছবি দেন অভিনেত্রী। তবে ছবিতে ব্রাত্য বিজয়। যাওয়ার সময় ও ফেরার সময় বিমানবন্দরে একই সময় দেখা যায় তাদের। যদিও আলাদাভাবে। বিজয়কে দেখামাত্রই তামান্নাকে নিয়ে প্রশ্ন করেন আলোকচিত্রীরা, তাতেই খেপে যান বিজয়!

বার মালদ্বীপ থেকে ফেরার পর মুম্বাই বিমানবন্দরে দেখা যায় তামান্নাকে। সেখানে আলোকচিত্রীরা তার মালদ্বীপের ছবির প্রশংসা করেন। মজা করে একজন প্রশ্ন করে বসেন, "বিজয় স্যার আসেননি?" তাতে তামান্নাকে হেসে চলে যেতে দেখা যায়। এরপর বিজয় বাইরে এলে একইভাবে তাকেও ছেঁকে ধরেন আলোকচিত্রীরা। মজার ছলেই বিজয়কে জিজ্ঞাসা করেন, "মালদ্বীপের সমুদ্রসৈকতে ফুর্তি করে ফিরলেন?" এই ধরনের প্রশ্ন একেবারেই পছন্দ হয়নি অভিনেতার। রেগে গিয়ে বলেন, "এই ধরনের কথা আপনি বলতে পারেন না।" তারপরই গাড়িতে উঠে বেরিয়ে যান অভিনেতা। আসলে তামান্নার বিষয়ে বেশ স্পর্শকাতর অভিনেতা। ইদানিং তামান্নাকে নিয়ে নানা প্রশ্নের মুখোমুখি হতে হয় বিজয়কে। বিভিন্ন সময় হাসিমুখেই উত্তর দেন। তবে এবার একটু অন্যভাবে দেখা গেল বিজয়কে। সম্প্রতি অবশ্য তিনি জানিয়েছিলেন, এই নতুন সম্পর্কের জন্য বড় বেশি প্রচারের আলোয় চলে আসছেন তিনি। এবং সে কারণেই মাঝেমাঝে অস্বস্তি হয় তার। এবার আলোকচিত্রীদের ইঙ্গিতপূর্ণ প্রশ্ন যে তার মোটেই পছন্দ হয়নি, তা বুঝিয়ে দিলেন বিজয়।

## হজে গিয়ে কান্নায় ভেঙে পড়লেন রাখি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী রাখি সাওয়ান্ত ওমরাহ হজ করতে গিয়েছিলেন সৌদি আরবে। মক্কায় পৌঁছে পবিত্র কাবা শরিফের সামনে কাঁদতে দেখা গেল তাকে।

কয়েক মাস আগে মাকে হারিয়েছেন রাখি। স্বামী আদিলের সঙ্গ ত্যাগ করেছেন। এখন অনেকটাই একা তিনি। এমন সময় জীবনের প্রথম হজযাত্রা। সেখানে গিয়ে ফেললেন চোখের পানি। বিচার চাইলেন আল্লাহর কাছে। একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে। তাতে দেখা গেছে কেঁদে কেঁদে বলছেন, 'আল্লাহ, আমি কী করব? বলিউড তারকা হওয়ার স্বপ্নে আমাকে বিয়ে করেছে আদিল। আমার জীবন নষ্ট করেছে। আমি আমার প্রার্থনা জানাতে এসেছি, আপনি বিচার করুন।'

বিতর্ক রাখির জীবনের নিত্যসঙ্গী। তিনি নাকি বিতর্কের পিছু ধাওয়া করেন! প্রচারের থাকার জন্য যে কোনো পর্যায়ে নামতে পারেন বলে রাখিকে নিয়ে অভিযোগ তাঁর স্বামীর। গত বছর চুপিসারে মাইসুরুর ব্যবসায়ী আদিল খান দুরানিকে বিয়ে করেন রাখি। যদিও চলতি বছরে বিয়ের কথা জানান অভিনেত্রী। বিয়ের সময় ইসলাম গ্রহণ করেন, রাখি থেকে হন ফাতিমা। কিন্তু মাস কয়েকের মধ্যেই অশান্তি। স্বামী আদিলের বিরুদ্ধে একগুচ্ছ অভিযোগ তোলেন। পারিবারিক সহিংসতার অভিযোগে জেলেও যেতে হয় রাখির স্বামীকে। জেল থেকে ছাড়া পেয়েই রাখির বিরুদ্ধে অভিযোগের ঝুলি খুলে বসেছেন আদিল। জীবনে যখন এমন ঝড় বইছে, সেই সময় শান্তির খোঁজে হজে যান রাখি। পবিত্র মক্কায় গিয়ে কান্নায় ভেঙে পড়লেন বলিউডের 'ড্রামা কুইন'।

ভারতীয় সংবাদ মাধ্যমে তিনি অভিযোগ করেন, আদিল তাঁকে বৈবাহিক ধর্ষণ করেছেন। বারবার স্বামীর বিকৃত ইচ্ছার শিকার হয়েছেন রাখি। শুধু কি তাই? রাখির নগ্ন ভিডিও বাইরে লাখ লাখ টাকায় বিক্রিও করেছেন আদিল।

## 'জাওয়ান' ট্রেলারে বহুরূপী শাহরুখ







**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** শাহরুখ খানের 'জাওয়ান' সিনেমার ট্রেলারের জন্য দীর্ঘদিন ধরে দর্শক অপেক্ষায় ছিল। সেই অপেক্ষার পালা শেষ। মুক্তি পেল 'জাওয়ান'র ট্রেলার। এতে বহুরূপী শাহরুখকে দেখে সিনেমাটি ঘিরে দর্শকদের আশা যেন আরও খানিকটা বাড়ে গেল।

২ মিনিট ১২ সেকেন্ডের ট্রেলার জুড়ে শুধু রয়েছে অ্যাকশন। শাহরুখ ধারা দিয়েছেন পাঁচটিরও বেশি লুকে। কখনও 'জাওয়ান' সাজে, আবার কখনও তাকে দেখা গেছে মেট্রো ছিনতাই করতে। এছাড়া প্রেমিক রূপেও রোমান্সে জড়িয়েছেন কিং খান।

ট্রেলারের শুরুর দৃশ্যের শহরের বিভিন্ন অংশ দেখা যাচ্ছে। আর ব্যাকগ্রাউন্ডে বলা হচ্ছে এক রাজার কাহিনি। তার লড়াইয়ের কথা বলার সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে নানান অ্যাকশন সিক্যুয়েন্স। আছে দুষ্কৃতির সঙ্গে লড়াইয়ের কাহিনি। এই কয় মিনিটের ট্রেলার বলছে, বেশ চমক নিয়ে আসছে ছবিটি।

৭ সেপ্টেম্বর বিশ্বব্যাপী মুক্তি পেতে যাচ্ছে 'জাওয়ান'। ছবিটি হিন্দি, তামিল, তেলেগু ভাষায় মুক্তি পারে।

বহুরূপী শাহরুখকে দেখে মুগ্ধ হয়েছেন। ট্রেলারে দেখা মিলেছে বিজয় সেতুপতির, দীপিকা পাড়ুকোন, প্রিয়ামণি ও সানা মালহোত্রার। রাফ অ্যান্ড টাফ লুকে ধরা দিয়েছেন নয়নতারা।

ছিনতাই, হত্যা, মারপিঠ, প্রতিশোধ থেকে শুরু করে রহস্য। 'জাওয়ান' ছবির কেন্দ্রে যে রয়েছে একেবারে অন্যরকম কাহিনি তা আলাদা করে বলার অপেক্ষা রাখে না। ছবি নিয়ে বেশ কিছুদিন ধরেই দর্শকদের উন্মাদনা ছিল তুঙ্গে। কারণ বাদশার ছবি বলে কথা। আর মাত্র কিছুদিনের অপেক্ষা। তারপরই মুক্তি পাবে ছবিটি।

## নিজ বাড়িতে পাওয়া গেল অভিনেত্রীর ঝুলন্ত মরদেহ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিজের বাসাতেই পাওয়া গেছে মালায়লাম অভিনেত্রী অপর্ণা নাইরের মরদেহ। শুক্রবার বিষয়টি নিশ্চিত করেছে স্থানীয় পুলিশ। ৩৩ বছর বয়সী এই অভিনেত্রী কয়েকটি সিনেমা ও বেশ কিছু সিরিয়ালে অভিনয় করেছেন তিনি। তাকে নিজের কক্ষেই ঝুলন্ত অবস্থায় পেয়েছে পুলিশ। পুলিশ জানিয়েছেন, ওই বাসায় স্বামী ও সন্তানদের নিয়ে বসবাস করতেন অপর্ণা। বৃহস্পতিবার রাত সাড়ে সাতটার দিকে এই ঘটনা ঘটেছে। একটি বেসরকারি হাসপাতাল কর্তৃক অপর্ণার মৃত্যুর খবর পুলিশকে জানানো হয়। ঝুলন্ত অবস্থা থেকে নামিয়ে তাকে সেই হাসপাতালে ভর্তি করা হয়েছিল। পুলিশের প্রাথমিক ধারণা, পারিবারিক কলহের জেরেই আত্মহত্যা করতে পারেন এই অভিনেত্রী। ঘটনার প্রকৃত কারণ জানতে তদন্ত চলছে।

## উয়েফার
# বর্ষসেরা হালান্ড



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ২০২২-২৩ মৌসুমটা ছিল আর্লিং হালান্ডের। ম্যানচেস্টার সিটির হয়ে জিতেছেন ট্রেবল। গোল করেছেন নিয়মিত। সব মিলিয়ে তাঁর গোল ৫২টি। তাতে উয়েফার বর্ষসেরার পুরস্কার যে তাঁর হাতেই উঠবে, সেটা অনেকটা অনুমেয় ছিল। শেষ পর্যন্ত সেটাই হয়েছে। লিওনেল মেসি ও ডি ব্রুইনাকে হারিয়ে সেরা বনে যান সিটির এই স্ট্রাইকার। বর্ষসেরা নারী ফুটবলার হয়েছেন বার্সেলোনার মিডফিল্ডার আইতানা। এদিকে উয়েফার বর্ষসেরা কোচের পুরস্কারও ওঠে ম্যানসিটির পেপ গার্দিওলার হাতে। আর বর্ষসেরা নারী কোচ ইংল্যান্ডের সারিনা। গত মৌসুমটা গার্দিওলা ও হালান্ডের জন্য ছিল সবচেয়ে বেশি স্পেশাল। ম্যানসিটির কোচ হয়ে আসার পর সবচেয়ে সেরা মৌসুমই কাটান সাবেক বার্সা কোচ। সেই সঙ্গে তাদের গোলমেশিনখ্যাত হালান্ডও আলো ছড়িয়ে যান। মেসি ও রোনালদো-পরবর্তী যুগে হালান্ডের এই অর্জনের মধ্য দিয়ে নতুন যুগের সূচনাই হলো। হয়তো নতুন মৌসুমেও সেরাদের কাতারে থাকবেন এই স্ট্রাইকার। তাঁর সঙ্গে কিলিয়ান এমবাপ্পে, রবার্ট লেভানডস্কিদেরও দেখা যেতে পারে।

## ২০ বছর পর চ্যাম্পিয়ন্স লিগে নেই
# মেসি-রোনালদো-নেইমার



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** এবারের চ্যাম্পিয়ন্স লিগে দেখা যাবে না লিয়োনেল মেসি, ক্রিশ্চিয়ানো রোনালদো এবং নেইমারকে। ইউরোপের দল ছেড়ে তারা চলে গিয়েছেন অন্য মহাদেশের ক্লাবে।

২০০৩ সালে প্রথমবার চ্যাম্পিয়ন্স লিগ খেলেছিলেন রোনালদো। তারপর থেকে এই তিন ফুটবলারের কেউ না কেউ চ্যাম্পিয়ন্স লিগে খেলেছেন।

২০ বছর পর এ বারেই প্রথম এই তিন ফুটবলারকে বাদ দিয়ে হবে ইউরোপের ক্লাবগুলির মহাযুদ্ধ।

মেসি, নেইমার, রোনালদোর সাবেক ক্লাবগুলি একেকটি গ্রুপে ভাগ হয়ে গেল।

ম্যাঞ্চেস্টার ইউনাইটেড ছেড়ে সৌদি আরবের আল নাসেরে চলে গিয়েছেন রোনালদো। সেই ম্যাঞ্চেস্টার এ বারে রয়েছে গ্রুপ এ-তে। সেই গ্রুপেই রয়েছে বায়ার্ন মিউনিখ। এ বারেই সেই দলে যোগ দিয়েছেন ইংরেজ অধিনায়ক হ্যারি কেন।

মেসির প্রাক্তন ক্লাব বার্সেলোনা রয়েছে গ্রুপ এইচ-এ। তাদের খেলতে হবে পোর্তো, শাখতার এবং অ্যান্টওয়ার্পের বিরুদ্ধে।

মেসি ইন্টার মায়ামিতে যোগ দেয়ার আগে দু'বছর খেলেছিলেন প্যারিস সঁ জরমঁতে। সেই দলে রয়েছেন কিলিয়ান এমবাপ্পে। নেইমারও এই ক্লাবে খেলতেন। পিএসজি রয়েছে গ্রুপ এফ-এ। মনে করা হচ্ছে এই গ্রুপ থেকে পরের পর্বে যাওয়ার জন্য সব থেকে কঠিন লড়াই হবে। পিএসজি ছাড়া এই গ্রুপ রয়েছে বরুসিয়া ডর্টমন্ড, নিউক্যাসেল এবং এসি মিলান।

চ্যাম্পিয়ন্স লিগের সফলতম ক্লাব রিয়াল মাদ্রিদ। ১৪ বার এই প্রতিযোগিতা জিতেছে তারা। রিয়াল মাদ্রিদের হয়েই রোনালদো চার চ্যাম্পিয়ন্স লিগ জিতেছিলেন। সেই দল রয়েছে গ্রুপ সি-তে। রিয়াল মাদ্রিদ ছাড়াও এই গ্রুপে রয়েছে নাপোলি, ব্রাগা এবং ইউনিয়ন বার্লিন।

অন্য গ্রুপগুলির মধ্যে গ্রুপ বি-তে রয়েছে সেভিয়া, আর্সেনাল, পিএসভি এবং লেন্স। গ্রুপ ডি-তে রয়েছে বেনফিকা, ইন্টার মিলান, সালজবার্গ এবং রিয়াল সোসিদাদ। গ্রুপ ই-তে রয়েছে ফেয়েনুর্ড, অ্যাটলেটিকো মাদ্রিদ, লাজিয়ো এবং সেল্টিক। গ্রুপ জি-তে রয়েছে গত বারের চ্যাম্পিয়ন ম্যাঞ্চেস্টার সিটি। তাদের সঙ্গে রয়েছে লিপজিগ, ইয়ং বয়েজ এবং ক্রভেনা ভেজদা।

## মেসি ম্যানিয়া, সবচেয়ে ব্যয়বহুল ম্যাচের
# সাক্ষী হচ্ছে মেজর লিগ



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** যুক্তরাষ্ট্রে মেসি ম্যানিয়া কমার কোনো লক্ষণ নেই। আগামী রবিবার মাঠে গড়াচ্ছে লিওনেল মেসির ইন্টার মায়ামি ও লস অ্যাঞ্জেলেস এফসির ম্যাচ। আর সেই ম্যাচের টিকেটের দাম বলছে, এই ম্যাচটিই হতে চলেছে মেজর লিগ সকারের ইতিহাসের সবচেয়ে ব্যয়বহুল ম্যাচ। অনলাইন টিকেট বিক্রিকারী প্রতিষ্ঠান টিকপিক তেমনটাই দাবি করছে।

মেসির ওই ম্যাচের টিকেটের গড় দাম ৬৯০ ডলার। সেই হিসেবে মেজর লিগ সকারের টিকেটের দাম ৫২৭ শতাংশ বেড়েছে। মেসির যোগদানের আগে যে টিকেট সাধারণত ১১০ ডলারে বিক্রি করা হত। টিকপিক বলছে, আগামীকাল শনিবার সর্বনিম্ন টিকেটের দামও ৭৮৫ ডলারে দাঁড়াতে পারে। যে টিকেট আগে বিক্রি হয়ে ১৫১ ডলারে।

অনলাইনেও চলছে মেসি ম্যানিয়া। মেসিদের খেলা সম্প্রচারকারী প্রতিষ্ঠান অ্যাপল টিভি জানিয়েছে, মেসি যোগ দেওয়ার পর তাদের সাবস্ক্রাইবারও তরতর করে বাড়ছে। অন্যদিকে অ্যাডিডাস জানিয়েছে, অপ্রত্যাশিতভাবেই বাড়ছে মেসির জার্সির চাহিদা।

# আন্তর্জাতিক ফুটবলকে বিদায় আলবার



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** আন্তর্জাতিক ফুটবল থেকে অবসরের ঘোষণা দিয়েছেন স্পেনের হয়ে ইউরো ও নেশন্স লিগ জয়ী ডিফেন্ডার জর্ডি আলবা। শুক্রবার আলবার অবসরের ঘোষণা আসে। স্পেনের ফুটবল ফেডারেশনের দেওয়া এক বিবৃতিতে বলা হয়, ৩৪ বছর বয়সে দারুণ আন্তর্জাতিক ক্যারিয়ারের ইতি টেনেছেন জর্ডি আলবা। দারুণ এই পথচলার জন্য রয়্যাল স্প্যানিশ ফুটবল ফেডারেশনের পক্ষ থেকে তার প্রতি চির কৃতজ্ঞ। ধন্যবাদ জর্ডি।'

ভ্রমণ জটিলতার কারণেই মূলত অবসরের সিদ্ধান্ত নিয়েছেন আলবা। গ্রীষ্মকালীন দলবদলে বার্সেলোনা ছেড়ে যুক্তরাষ্ট্রের ইন্টার মায়ামিতে যোগ দেন তিনি। আন্তর্জাতিক ফুটবল খেলতে অনেক লম্বা পথ পাড়ি দিয়ে ইউরোপে যাওয়া লাগত আলবাকে। স্প্যানিশ ডিফেন্ডারকে এখন সেই পথ পাড়ি দিতে হচ্ছে না। ২০১১ সালের অক্টোবরে স্কটল্যান্ডের বিপক্ষে ম্যাচ দিয়ে স্পেনের জার্সিতে অভিষেক আলবার। জাতীয় দলের হয়ে ৯৩ ম্যাচ খেলেছেন তিনি। স্পেনের ২০১২ ইউরো জয়ী স্কোয়াডের অংশ ছিলেন আলবা। ইতালির বিপক্ষে ফাইনালে ৪-০ গোলের জয়ের ম্যাচে স্কোরও করেছিলেন। তার নেতৃত্বে ২০২৩ সালের জুনে নেশন্স লিগও জিতেছে স্পেন। ফাইনালে স্প্যানিশরা পেনাল্টি শুটআউটে হারায় ক্রোয়েশিয়াকে।

## বাংলাদেশে 'দ্বিতীয় সারির'
# দল পাঠাচ্ছে নিউজিল্যান্ড!



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বাংলাদেশের বিপক্ষে ওয়ানডে সিরিজের জন্য একাধিক চমক নিয়ে দল ঘোষণা করেছে নিউজিল্যান্ড। বিশ্বকাপের আগে মহাগুরুত্বপূর্ণ এই সিরিজে তারকা ক্রিকেটারদের একটি বড় অংশকে পাঠাচ্ছে না কিউরা। শনিবার (২ সেপ্টেম্বর) বাংলাদেশ সিরিজের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা করেছে নিউজিল্যান্ড ক্রিকেট বোর্ড।

নিউজিল্যান্ডের বিপক্ষে বাংলাদেশের তিন ম্যাচের ওয়ানডে সিরিজ সেপ্টেম্বরে। এই সিরিজের মাসখানেক পরেই ভারতে ওয়ানডে বিশ্বকাপ। কন্ডিশন বিচারে বাংলাদেশ সিরিজ তাই গুরুত্বপূর্ণই হওয়ার কথা ছিল নিউজিল্যান্ডের কাছে। তবে এমন সিরিজেও তারকা খেলোয়াড়দের অনেককেই দলে রাখেনি কিউইরা। টম লাথাম, টিম সাউদি, কেন উইলিয়ামসন, মার্ক চ্যাপম্যান, মিচেল স্যান্টনার, গ্লেন ফিলিপস, জিমি নিশামদের কেউই থাকছে না এই সিরিজে। তবে বহুদিন পর জাতীয় দলে ফেরা ট্রেন্ট বোল্ট থাকছেন এই সিরিজের দলে। পেস ডিপার্টমেন্টে তার সঙ্গে থাকছেন লকি ফারগুসন, কাইল জেমিসন এবং অ্যাডাম মিলনে।

দলের অধিনায়কত্ব দেওয়া হয়েছে এখন পর্যন্ত এক ম্যাচেও নিউজিল্যান্ডকে নেতৃত্ব না দেওয়া লকি ফারগুসনকে। দলে নতুন মুখ ডিন ফক্সক্রফট। আরব আমিরাতের বিপক্ষে সর্বশেষ টি-টোয়েন্টি সিরিজে অভিষেক হয়েছিল এই এই অলরাউন্ডারের। সে ম্যাচে ১০ রানের বেশি করতে পারেননি ২৫ বছর বয়সী এই ক্রিকেটার।

সেপ্টেম্বরের ২১ তারিখ মিরপুরে তিন ম্যাচ সিরিজের প্রথম ম্যাচে মুখোমুখি হবে বাংলাদেশ-নিউজিল্যান্ড। দু'দলের বাকি দুই ম্যাচ ২৩ এবং ২৬ সেপ্টেম্বর।

বাংলাদেশ সিরিজের জন্য নিউজিল্যান্ড দল

লকি ফার্গুসন (অধিনায়ক), ফিন অ্যালেন, টম ব্লান্ডেল, ট্রেন্ট বোল্ট, চ্যাড বোয়েস, ডেন ক্লিভার, ডিন ফক্সক্রফট, কাইল জেমিসন, কোল ম্যাককনচি, অ্যাডাম মিলনে, হেনরি নিকোলস, রাচিন রবীন্দ্র, ইশ সোধি, ব্লেয়ার টিকনার, উইল ইয়াং।

## পাত্তাই পেল না দক্ষিণ আফ্রিকা,
# সিরিজ জিতল অস্ট্রেলিয়া



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** অস্ট্রেলিয়ার বিপক্ষে পাত্তাই পেল না দক্ষিণ আফ্রিকা। তিন ম্যাচ সিরিজের প্রথমটি ১১১ রানে ও দ্বিতীয়টি ৮ উইকেটে জিতে সিরিজ নিজেদের করে নিল অজিরা।

শুক্রবার (১ সেপ্টেম্বর) রাত ১০টায় দক্ষিণ আফ্রিকার ডারবানে দ্বিতীয় টি-টোয়েন্টি ম্যাচে মুখোমুখি হয় অস্ট্রেলিয়া ও স্বাগতিক দক্ষিণ আফ্রিকা। ম্যাচটিতে আগে ব্যাটিংয়ে নেমে নির্ধারিত ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ১৬৪ রান করে প্রোটিয়ারা। জবাবে ৩১ বল বাকি থাকতেই ৮ উইকেটের জয় তুলে নেয় অস্ট্রেলিয়া। সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টিতে দক্ষিণ আফ্রিকার ১৬৫ রানের জবাবে ব্যাটিংয়ে নেমে সর্বোচ্চ ৭৯ রান করেন অজি অধিনায়ক মিচেল মার্শ। ৩৯ বলে ৮টি চার ও ৬টি ছক্কার সাহায্যে এই রান করেন তিনি। এছাড়া ৬৬ রান করেন ওপেনার ম্যাথিউ শর্ট। মূলত এই দুই ব্যাটারের রানেই ভর করে জয়ের লক্ষ্য অর্জন করে অস্ট্রেলিয়া। প্রথম ইনিংসে প্রোটিয়াদের হয়ে সর্বোচ্চ ৪৯ রান করেন অধিনায়ক এইডেন মার্করাম।

## জামালের বিকল্প
# ক্যাবরেরার হাতে



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** দু'দিনের ভ্রমণ ক্লান্তি। কিন্তু গতকাল কিংস অ্যারেনায় জাতীয় দলের সঙ্গে অনুশীলনে ক্লান্তির কোনো ছাপ চোখে পড়েনি। সতীর্থদের সঙ্গে অনুশীলনে পুরো সেশনই ছিলেন জামাল ভূইয়া। আর্জেন্টিনার ক্লাব সোল দ্য মায়োতে খেলে এসে বাংলাদেশ অধিনায়ক প্রস্তুত হচ্ছেন আফগানিস্তানের বিপক্ষে দুটি প্রস্তুতি ম্যাচের জন্য।

আফগান ম্যাচে সাফের সেই টিম স্পিরিটটা দেখাতে চান ডেনমার্ক-প্রবাসী এ মিডফিল্ডার। তবে দলের সঙ্গে মাত্র চার দিন অনুশীলনের সুযোগ থাকায় প্রথম ম্যাচে জামালকে কোচ হ্যাভিয়ের ক্যাবরেরা খেলাবেন কিনা তা নিয়ে কিছুটা সংশয় আছে।

শুক্রবার অনুশীলনের পরই কোচ জামালকে খেলানোর ব্যাপারে সিদ্ধান্তে আসতে পারেন বলে জানিয়েছে জাতীয় দলের একটি সূত্র, 'জামাল কিন্তু দলের সঙ্গে ফুল সেশনই করেছে। কালকের দিনটা দেখেই বোঝা যাবে প্রথম ম্যাচে বেস্ট ইলেভেনে তাকে দেখা যাবে কিনা। তবে জামাল বলেছে, সে পুরো ফিট এবং ভালো অনুভব করছে।'

আফগানিস্তানের বিপক্ষে ম্যাচের জন্য অনেক আগেই ক্যাম্প শুরু করে জাতীয় দল। আর্জেন্টিনার ক্লাবে খেলতে যাওয়ায় এবং আফগান ম্যাচে জামালকে পাওয়া যাবে কিনা, তা নিয়ে অনিশ্চয়তায় থাকায় ভিন্ন চিন্তা করে রাখেন ক্যাবরেরা। জামালের বিকল্প হিসেবে বেশ কয়েকজনকে অনুশীলনে পরখ করে নেন স্প্যানিশ কোচ।

সাফ চ্যাম্পিয়নশিপে ফ্রি রোল হিসেবে খেলেছিলেন জামাল। কখনও ফলস নাইন, কখনও মিডফিল্ডার আবার কখনও প্লেমেকার হিসেবে দেখা গিয়েছিল তাঁকে। তাঁর বদলি হিসেবে মাঠে নেমে মালদ্বীপের বিপক্ষে গোল করেছিলেন শেখ মোরসালিন। একইভাবে মোহাম্মদ হৃদয়ও নিজের জাত চিনিয়ে ছিলেন। এবার অনুশীলনে শুরুতে জামালকে না পাওয়ায় তাঁর জায়গায় কখনও রবিউল, হৃদয় ও দিপক রায়কে খেলিয়েছেন ক্যাবরেরা।

মূলত ভবিষ্যতের কথা চিন্তা করেই জামালের বিকল্প হিসেবে বেশ কয়েকজনকে নিয়ে কাজ করছেন তিনি। কারণ বয়স ও পারফরম্যান্সের কারণে পুরো ৯০ মিনিট খেলার সামর্থ্য নেই জামালের। বেস্ট ইলেভেনে সুযোগ পাবেন কী পাবেন না, তা নিয়ে অবশ্য মাথা ঘামাচ্ছেন না জামাল।

বরং সাফ চ্যাম্পিয়নশিপে যেভাবে খেলেছিল দল, আফগানিস্তানের বিপক্ষেও সেটা ধরে রাখার প্রত্যয় বাংলাদেশ অধিনায়কের, 'আফগানিস্তান অনেক শক্তিশালী টিম। র‍্যাঙ্কিয়ে আমাদের চেয়ে অনেক ওপরে। তবে এটা আমাদের হোমগ্রাউন্ড, এখানে একটু সুবিধা আছে। সাফে আমাদের যে স্পিরিট ছিল, সেটা ধরে রাখতে হবে। আমি মনে করি ভালো একটা রেজাল্ট করতে পারব।' ঠান্ডার কারণে আর্জেন্টিনায় মানিয়ে নিতে সমস্যা হয়েছিল জামালের। বাংলাদেশের গরম আবহাওয়া পেয়ে স্বস্তির হাসি তাঁর।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR